কালের কণ্ঠ

তারিখ 03 JAN 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৬

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পেছানোর দাবি

**প্রিয় দেশ ডেস্ক ▷**

২০১১-১২ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) তৃতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষা পেছানোর দাবিতে গতকাল শনিবার সড়ক অবরোধ, বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা। আমাদের **নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের** পাঠানো খবর :

**মানিকগঞ্জ :** মানিকগঞ্জ সরকারি দেবেন্দ্র কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে সকালে শহরের শহীদ রফিক সড়কে মানববন্ধন অনুষ্ঠিত হয়। আন্দোলনরত শিক্ষার্থীরা জানায়, সাধারণত ফরম পূরণের কমপক্ষে আড়াই মাস পর পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু সেশনজট দূর করার নামে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা শুরুর দিন ধার্য করেছে আগামী ২০ জানুয়ারি। এ অবস্থায় পরীক্ষা হলে বেশির ভাগ পরীক্ষার্থী অকৃতকার্য হবে। পরীক্ষা কমপক্ষে আড়াই মাস পেছানোর দাবি জানায় তারা। দাবি পূরণ না হলে তারা আন্দোলন চালিয়ে যাওয়ার আলটিমেটাম দেয়।

**ময়মনসিংহ :** দুপুরে ক্যাম্পাস থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে আনন্দমোহন কলেজের শিক্ষার্থীরা। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে ময়মনসিংহ প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য দেয় আব্দুলাহ আল হোসাইন, শুভ্র দেবনাথ প্রমুখ। সুষ্ঠু শিক্ষার স্বার্থে তারা পরীক্ষা পেছানোর দাবি জানিয়েছে।

**চাঁপাইনবাবগঞ্জ :** চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজের সামনে সকালে অনুষ্ঠিত মানববন্ধনে প্রায় তিন শ শিক্ষার্থী অংশ নেয়। এ সময় এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দেন আব্দুল বারি, সায়েমা আক্তার ঊর্মি, মোতাহার হাসান, জিয়াউল হক। বক্তারা বলেন, মাত্র চার মাস আগে সম্মান দ্বিতীয় বর্ষের পরীক্ষা শেষ হয়েছে। এর ধকল কাটিয়ে উঠতে না উঠতেই আগামী ২০ জানুয়ারি তৃতীয় বর্ষের পরীক্ষার সময়সূচি ঘোষণা করা হয়েছে। অথচ এ সময়ের মধ্যে ঠিকমতো ক্লাস হয়নি, সিলেবাসও সম্পন্ন হয়নি। তাই পরীক্ষার ঘোষিত সময়সূচি পরিবর্তনের দাবি জানান বক্তারা।

## বিভিন্ন স্থানে মানববন্ধন

**ভোলা :** সকালে ভোলা সরকারি কলেজের সামনে ভোলা-চরফ্যাশন সড়ক অবরোধ করে মানববন্ধন করেন কলেজের শিক্ষার্থীরা। এ সময় বক্তব্য দেন মো. মিজানুর রহমান প্রিন্স, সাইফুল ইসলাম, মেহেদী হাসান, কামরুল, জুবায়ের হোসেন, রিপন, রাসেল, লিজন, মো. আল-আমিন হোসেন সাদ্দাম, মো. নোমান, রাসেল, আশরাফুল প্রমুখ।

**ব্রাহ্মণবাড়িয়া :** ব্রাহ্মণবাড়িয়া প্রেসক্লাবের সামনে সকালে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য দেন ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের শিক্ষার্থী মো. আশরাফ উদ্দিন ইমন, মো. আবুল বাশার, মো. ইয়াছিন মাহমুদ, মো. মাহমুদুল হক, আইরিন সুলতানা স্মিতা, কিরণ মণি প্রমুখ। বক্তারা পরীক্ষা অন্তত দুই মাস পেছানোর দাবি জানান।

**দিনাজপুর :** দুপুরে দিনাজপুর প্রেসক্লাবের সামনের সড়কে মানববন্ধন করেন শিক্ষার্থীরা। দাবি আদায়ে প্রয়োজনে তাঁরা আন্দোলন চালিয়ে যাবেন বলে জানান। এর আগে শিক্ষার্থীরা শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে।